



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৪১০০.০১৭.২৭.০০১.১৫-১৩৬৫

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ।
১০ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, যশোর জেলার চৌগাছা উপজেলার পাতিবিলা ইউনিয়ন পরিষদের ০৫নং ওয়ার্ডের সদস্য জনাব মো: বিশারত হোসেন এর বিরুদ্ধে এলাকার সাধারণ জনগণের নিকট হতে খাদ্যবান্ধব কর্মসূচীর কার্ড, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী কার্ড, মাটি কাটার কাজ ও মাতৃত্বকালীন ভাতা দেওয়ার প্রলোভন দেখিয়ে প্রচুর অর্থ আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হয়েছে এবং জেলা প্রশাসক, যশোর বর্ণিত ইউপি সদস্যের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, যশোর জেলার চৌগাছা উপজেলার পাতিবিলা ইউনিয়ন পরিষদের ০৫নং ওয়ার্ডের সদস্য জনাব মো: বিশারত হোসেন এর বিরুদ্ধে এলাকার সাধারণ জনগণের নিকট হতে খাদ্যবান্ধব কর্মসূচীর কার্ড, বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী কার্ড, মাটি কাটার কাজ ও মাতৃত্বকালীন ভাতা দেওয়ার প্রলোভন দেখিয়ে প্রচুর অর্থ আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জনস্বার্থে তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, যশোর জেলার চৌগাছা উপজেলার পাতিবিলা ইউনিয়ন পরিষদের ০৫নং ওয়ার্ডের সদস্য জনাব মো: বিশারত হোসেন কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁর স্থায়ী পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।


(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৪১০০.০১৭.২৭.০০১.১৫-১৩৬৫

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ।
১০ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, যশোর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: বিশারত হোসেন, ইউপি সদস্য, ০৫নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত) পাতিবিলা ইউনিয়ন পরিষদ, চৌগাছা, যশোর।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।


(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)
উপসচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৪১০০.০১৭.২৭.০০১.১৫-১৩৬৬

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪২৭
১০ ডিসেম্বর ২০২০

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব মো: বিশারত হোসেন, ইউপি সদস্য, ০৫নং ওয়ার্ড, পাতিবিলা ইউনিয়ন পরিষদ, চৌগাছা, যশোর কে এলাকার সাধারণ জনগণের নিকট হতে খাদ্যবান্ধব কর্মসূচীর কার্ড বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী কার্ড, মাটি কাটার কাজ ও মাতৃত্বকালীন ভাতা দেওয়ার প্রলোভন দেখিয়ে অর্থ আত্মসাতের অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, যশোর এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১০ ডিসেম্বর, ২০২০ তারিখের ১৩৬৫ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, যশোর এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ হফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ই-মেইল: up1lgd@gmail.com

জনাব মো: বিশারত হোসেন
ইউপি সদস্য, ০৫নং ওয়ার্ড (সাময়িক বরখাস্তকৃত)
পাতিবিলা ইউনিয়ন পরিষদ
চৌগাছা, যশোর।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, যশোর (উল্লিখিত ইউপি সদস্যের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, চৌগাছা, যশোর।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।